আজকের কাগজ

তারিখ ... 23 SEP 1995 ...
পৃষ্ঠা ... কলাম ...

62

কুমিল্লা শিক্ষাবোর্ড

# ভুয়া রেজিস্ট্রেশনের জন্যে ৩ হাজার এসএসসি পরীক্ষার্থীর ফলাফল বাতিল

চলতি অর্থ বছরে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ তিন হাজার পরীক্ষার্থীর ফলাফল কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ বতিল করে দিয়েছে। ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ভুয়া রেজিস্ট্রেশনধারীর সংখ্যা চার হাজারের বেশি হলেও এর মধ্যে তিন হাজারেরও বেশি পরীক্ষার্থী পাস করেছে। পাস করা এসব পরীক্ষার্থীর মধ্যে স্টার মার্ক প্রাপ্তও রয়েছে। এদিকে কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ অবৈধভাবে ভুয়া রেজিস্ট্রেশনের অপরাধে উল্লেখিত সংখ্যক পরীক্ষার্থীর ফলাফল বাতিল করে অভিভাবক ও স্কুল কর্তৃপক্ষের কাছে চিঠি দিয়েছে। ফলে তিন হাজার পরীক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চয়তার মধ্যে পড়েছে। উল্লেখ্য, ভুয়া রেজিস্ট্রেশন তৈরির মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্যে বোর্ডের কতিপয় অসাধু কর্মচারি ও স্কুলের প্রধান শিক্ষকরা বিরাট অংকের টাকা হাতিয়ে নিয়েছেন পরীক্ষার্থিদের কাছ থেকে।

জালিয়াতির মাধ্যমে ভুয়া রেজিস্ট্রেশন ফরম সরবরাহ করে অর্থ আত্মসাতের অভিযোগে কুমিল্লা দুর্নীতি দমন বিভাগ

শিক্ষা বোর্ডের ক'জন কর্মচারির বিরুদ্ধে কুমিল্লা কোতোয়ালি থানায় ১৫টি পৃথক মামলা করেছে। কুমিল্লা থেকে খায়রুল আহসান মানিক।